

স্মারক নং- ৫২.০১.৭৬৮৬. ০০০.০৪.০০৫.২০


তারিখ: ১৫/০১/২০২০ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন কার্যক্রমে 'তালিকাকারী / গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তে শুধুমাত্র আটঘরিয়া উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	পদ সংখ্যা	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার		১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ (Marshmallow) বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) স্মার্টফোনে বাংলা ও ইংরেজি টাইপিং এ পারদর্শী হতে হবে। ৬) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার/গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২	তালিকাকারী/গণনাকারী		১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ (Marshmallow) বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) স্মার্টফোনে বাংলা ও ইংরেজি টাইপিং এ পারদর্শী হতে হবে। ৬) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার/গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

- শর্তাবলী: ১। উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব সাইট (bbs.atghoria.pabna.gov.bd) অথবা (bbs.pabna.gov.bd) থেকে আবেদনের নির্ধারিত ফরম ডাউনলোড করে স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ২। লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/ ২০২০মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকার তথ্য সংগ্রহ করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি/২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩। লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ৪। নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতি পালনসাপেক্ষে মহিলা প্রার্থীগণের জন্য ৫০% সংরক্ষিত থাকবে।
- ৫। লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা জোনাল অপারেশন সহ মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৬। লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্য কোন কর্মনিযুক্ত করতে পারবেন না।
- ৭। ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
- ৮। সকল পদের আবেদন ফরম এর সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, নাগরিকসনদপত্র, জাতীয়পরিচয় পত্রের সত্যায়িত কপি (যদি থাকে), ১ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করে বন্ধখামের উপর ডান পাশে পদের নাম ও ইউনিয়ন/পৌরসভা উল্লেখ পূর্বক আগামী ২৬/০১/২০২০ খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়, আটঘরিয়াতে নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ৯। সাক্ষাতকারের মাধ্যমে প্রার্থী চূড়ান্ত করা হবে, প্রয়োজনে লিখিত পরিক্ষা নেওয়া হবে। সাক্ষাতকারের তারিখ ও সময় সূচি ও য়েবসাইট এ প্রকাশ করা হবে। ডাক যোগে কোন কিছু জানানো হবে না।
- ১০। প্রকল্পের সংস্থান অনুযায়ী সম্মানী প্রদান করা হবে। সম্মানীর টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ও প্রদান করা হতে পারে।
- ১১। নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।
- ১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে পঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


মোছাঃ ফুয়ারা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
আটঘরিয়া, পাবনা
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
আটঘরিয়া, পাবনা।